NYC-এর COVID-19 পরীক্ষার সুপারিশগুলি সম্পর্কে নিয়োগকর্তাদের জন্য তথ্য

পরীক্ষা করা: নিরাপদে পুনরায় খোলার উপায়

COVID-19 থেকে আমাদের পরিবার, বন্ধু-বান্ধব, সহকর্মী এবং সম্প্রদায়গুলিকে সুরক্ষিত রাখতে আমাদের প্রত্যেককে অবশ্যই নিজের ভূমিকা পালন করতে হবে। শারীরিক দূরত্ব, মুখের আবরণ এবং অন্যান্য প্রতিরোধের সরঞ্জাম ব্যবহারের জন্য বিদ্যমান নির্দেশিকার পরিপূরক হিসেবে শহর নতুন COVID-19 পরীক্ষার সুপারিশগুলি জারি করেছে।

শহর সকল নিউ ইয়র্ক বাসীদের পর্যায়ক্রমে পরীক্ষা করার সুপারিশ করে, এবং তাদের পরীক্ষার ফ্রিকোয়েন্সি নির্ভর করবে তাদের কাজের ধরন এবং অন্যান্য ঝুঁকির কারণগুলির উপর, যদিও তাদের কোনও উপসর্গ দেখা না দিয়ে থাকে বা জেনে শুনে তারা COVID-19-এ আক্রান্ত ব্যক্তির সাথে ঘনিষ্ঠ যোগাযোগ না করে থাকেন। সহকর্মী, ক্লায়েন্ট বা জনসাধারণের সাথে সশরীরে যোগাযোগ হওয়া কর্মচারীদের প্রতি মাসে একবার বা তাদের প্রদানকারী বা নিয়োগকর্তার পরামর্শ অনুযায়ী পরীক্ষা করা উচিত।

সকল নিউ ইয়র্কবাসীদের COVID-19-এর বিস্তার প্রতিরোধ করার জন্য সাবধানতা অবলম্বন করা উচিত, এগুলি সহ:

- কর্মক্ষেত্রে এবং প্রকাশ্যে শারীরিক দূরত্বের সুপারিশগুলি (কমপক্ষে 6 ফুট দূরে থাকা) অনুসরণ করা
- কর্মস্থলে প্রবেশ করার আগে দৈনিক স্বাস্থ্য স্ক্রিন করার অনুবর্তী হওয়া এবং অসুস্থ হলে বা সম্প্রতি COVID-19 এর সংস্পর্শে এসে থাকলে বাড়িতে থাকা
- কর্মক্ষেত্রে এবং প্রকাশ্যে মুখের আবরণ পরিধান করা
- নিয়মিতভাবে হাত ধোয়া বা হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা
- কন্ট্যাক্ট ট্রেসিঙে অংশগ্রহণ করা যদি তারা অথবা এমন কেউ যাদের সাথে তারা নিকট সংস্পর্শে এসেছিলেন, তিনি COVID-19 এর পরীক্ষায় ইতিবাচক ফল লাভ করেন

এই নথিটি COVID-19 পরীক্ষার সুপারিশগুলি সম্পর্কিত প্রশ্নের উত্তর প্রদান করে। আপনার যে কোনও অতিরিক্ত প্রশ্ন সহ 212-268-4319-এ "NYC Test & Trace Corps" (নিউ ইয়র্ক শহরের পরীক্ষা এবং সনাক্তকরণ কর্পস)-কে কল করুন।

এই তথ্য চিকিৎসামূলক বা আইনি পরামর্শ প্রদান করে না। সমস্ত তথ্য কেবলমাত্র সাধারণ তথ্যমূলক উদ্দেশ্যের জন্য।

এই নথিতে কী আছে

পরীক্ষা করানো 3

পরীক্ষার জন্য অর্থ প্রদান 5

পরীক্ষার ধরনগুলি 5

পরীক্ষার পরে কী ঘটে 6

আইনি প্রশ্নসমূহ 8

অতিরিক্তভাবে সংযুক্ত অংশ: COVID-19 পরীক্ষার বিকল্পগুলি 10

পরীক্ষা করানো

1 আমার কর্মচারীদের কখন পরীক্ষা করা উচিত?

শহর সকল নিউ ইয়র্কবাসীদের পরীক্ষা করার সুপারিশ করে, যদিও তাদের কোনও উপসর্গ দেখা না দিয়ে থাকে বা তারা COVID-19-এ আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ট যোগাযোগে না এসে থাকেন। উপসর্গযুক্ত (যেমন কাশি, জ্বর, শ্বাসকষ্ট হওয়া এবং স্বাদ বা গন্ধ না পাওয়া) ব্যক্তিদের অবিলম্বে পরীক্ষা করা উচিত এবং নিরাপদে বাড়ির অন্যদের থেকে পৃথক হওয়া উচিত (তাদের পরীক্ষার ফলাফলের জন্য অপেক্ষা করার সময় সহ)। কর্মক্ষেত্রে বা অন্যথায় অন্যদের সাথে ঘন ঘন যোগাযোগ হওয়ার ফলে কিছু মানুষের পর্যায়ক্রমে পরীক্ষা করা উচিত। অতিরিক্ত তথ্যের জন্য অনুগ্রহ করে COVID-19 পরীক্ষার সুপারিশগুলি পর্যালোচনা করুন।

2 শহর কি পর্যায়ক্রমিক পরীক্ষার সুপারিশ করছে না সেটির প্রয়োজনীয়তা রাখছে?

COVID-19 পরীক্ষার সুপারিশগুলি নির্দেশনা প্রদান করে। এগুলি বাধ্যতামূলক নয়। নিউ ইয়র্ক স্টেট দ্বারা নিয়োগকর্তাদের সকল কর্মীদের জন্য দৈনিক স্বাস্থ্য স্ক্রিনিং করা প্রয়োজনীয়। সুপারিশ করা হলেও, পরীক্ষা করা প্রয়োজনীয় নয় (নিউ ইয়র্ক স্টেটের আদেশের অধীনে থাকা কয়েকটি বিযুক্ত শিল্পক্ষেত্র ব্যতীত, যেমন নার্সিং হোমগুলি)।[1]

3 যদি আমার ব্যবসা একটি পরীক্ষার সুপারিশ বা প্রয়োজনীয়তা বাধ্যতামূলক করে, সেটি কি সকল কর্মচারীর জন্য একই হওয়া উচিত?

আপনি কাজের ধর্মের উপর ভিত্তি করে বিভিন্ন পরীক্ষার সুপারিশ বা প্রয়োজনীয়তা নির্ধারিত করতে পারেন (যেমন নিয়মিতভাবে জনসাধারণের সাথে কথোপকথন করে এমন কর্মচারীদের জন্য এবং যারা তা করেন না তাদের জন্য ভিন্ন পরীক্ষার সুপারিশ করা)। বয়স, বর্ণ বা জাতি, জাতীয় উৎস, প্রতিবন্ধীতা, স্বাস্থ্যের স্থিতি, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, যৌন অভিমুখ, ধর্ম বা অন্যান্য সুরক্ষিত শ্রেণীগুলির উপর ভিত্তি করে বিভিন্ন নীতি রাখা অবৈধ।

4 আমি কীভাবে সিদ্ধান্ত নেব যে আমার ব্যবসায়ের জন্য উপযুক্ত পরীক্ষার ফ্রিকোয়েন্সি কী?

পরীক্ষার ফ্রিকোয়েন্সি সংক্রান্ত সুপারিশগুলি ব্যবসা অনুযায়ী ভিন্ন হবে। নির্দিষ্ট পরীক্ষার ব্যবধানের সুপারিশ বা প্রয়োজনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে, অন্যের (সহকর্মী, ক্লায়েন্ট, দর্শনার্থী) সাথে সশরীরে যোগাযোগের পরিমাণ এবং ফ্রিকোয়েন্সি, কর্মক্ষেত্রের সেটিং (বহিরঙ্গন, অভ্যন্তরীণ, আবদ্ধ স্থান) এবং অন্যান্য প্রতিরোধ ব্যবস্থাগুলি বাস্তবায়নের ক্ষমতা বিবেচনা করুন, যেমন সকল ব্যক্তিদের অন্যদের থেকে অন্তত 6 ফুট দূরে থাকা। সম্ভব হলে একজন চিকিৎসামূলক পরামর্শদাতার সাথে পরামর্শ করুন।

[1] পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA) এবং নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ (Department of Labor, DOL), নিউ ইয়র্ক পাবলিক কর্মচারী সুরক্ষা এবং স্বাস্থ্য ব্যুরো (Public Employee Safety and Health Bureau) শ্রমিকদের COVID-19-এর সংস্পর্শ থেকে রক্ষা করার জন্য নিয়োগকর্তাদের উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজনীয় করে, যার মধ্যে পরীক্ষা করা অন্তর্ভুক্ত হতে পারে। এছাড়াও, নিয়োগকর্তাদের অবশ্যই শারীরিক দূরত্ব বজায় রাখা, মুখের আবরণ ব্যবহার করা এবং পরিষ্কার করার প্রোটোকল সহ নিউ ইয়র্ক রাজ্যের পুনরায় খোলার প্রয়োজনীয়তাগুলি মেনে চলতে হবে। পুনরায় খোলা সম্পর্কে কিছু প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর এখানে পাওয়া যাবে nyc.gov/assets/doh/downloads/pdf/imm/covid-19-reopening-nyc-faq.pdf।

5 যদি কোনও কর্মী আগে COVID-19-এ আক্রান্ত হয়ে থাকেন, তাহলে কি তাদের এখনও পর্যায়ক্রমে পরীক্ষা করা উচিত?

যে ব্যক্তিদের আগে COVID-19 এর জন্য ইতিবাচক পরীক্ষা করা হয়েছিল, তাদের ক্ষেত্রে, প্রথম উপসর্গ হওয়ার তারিখ (বা তাদের কোনও উপসর্গ না থাকলে প্রথম ইতিবাচক পরীক্ষার ফলাফলের তারিখ) থেকে 90 দিন পর্যন্ত পরীক্ষা করার পরামর্শ দেওয়া হয় না। এর কারণ হল, সংক্রমণের পর বেশ কয়েক সপ্তাহ বা এমন কি কয়েক মাস পর্যন্ত মানুষ ইতিবাচক হিসেবে পরীক্ষিত হতে পারেন, তারা সংক্রামক না হলেও। এই 90 দিনের সময়কালে পরীক্ষা করার ফলে অকারণে কর্মীদের কাজ থেকে বাদ দেওয়া হতে পারে।

তবে, যদি কেউ COVID-19 থেকে সেরে উঠেছেন এবং তার নতুন উপসর্গ দেখা দেয়, সেই ক্ষেত্রে অতিরিক্ত পরীক্ষার প্রয়োজন হতে পারে কিনা, সে সম্পর্কে তাদের স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে পরামর্শ করার সুপারিশ করা হয়।

6 একজন কর্মচারীর যদি COVID-19 অ্যান্টিবডি পরীক্ষায় ইতিবাচক ফল লাভ হয় তাহলে কি তাদের পর্যায়ক্রমে পরীক্ষা করাতে হবে?

হ্যাঁ। এই মুহূর্তে, কেউ বর্তমানে অসুস্থ বা সংক্রামিত হয়েছেন কিনা তা সনাক্ত করতে COVID-19-এর অ্যান্টিবডি পরীক্ষা ব্যবহার করা যাবে না। এছাড়াও, এটি এখনও জানা যায়নি যে ইতিবাচক অ্যান্টিবডি পরীক্ষার অর্থ এই কিনা যে কেউ পুনরায় COVID-19-এ আক্রান্ত হওয়া থেকে সুরক্ষিত। কারো কাজ করা উচিত কিনা এবং পরীক্ষা করা উচিত কিনা, সেই সিদ্ধান্ত নেওয়ার জন্য অ্যান্টিবডি পরীক্ষাগুলি ব্যবহার করা উচিত নয়।

7 যদি একজন কর্মী পরীক্ষা করতে অস্বীকার করেন, তাহলে আমার কী করা উচিত?

একজন নিয়োগকর্তা সেই সকল ব্যক্তিদের কর্মস্থল থেকে বাদ দিতে পারেন যারা রাজ্য দ্বারা আদেশকৃত স্ক্রিনিং পদ্ধতি বা নিয়োগকর্তা দ্বারা বাধ্যতামূলক পরীক্ষার মধ্যে দিয়ে যেতে অস্বীকার করেন। যদি কোনও কর্মীর এমন কোনও চিকিৎসাগত সমস্যা বা অক্ষমতা থাকে যা পর্যায়ক্রমিকভাবে পরীক্ষায় বাধা দেয়, নিয়োগকর্তাদের টেলিকমিউটিং এর মতো একটি যুক্তিসঙ্গত বিকল্প খুঁজতে সেই কর্মীর সাথে কাজ করা উচিত। স্ক্রিনিংয়ের পদ্ধতিগুলি অবশ্যই এমন ভাবে প্রয়োগ করতে হবে, যাতে তা বৈষম্যমূলক না হয়।

8 আমার কর্মচারীরা কোথায় পরীক্ষা করাতে পারবেন?

মোবাইল টেস্টিং সাইটগুলি সহ, শহর জুড়ে শত শত পরীক্ষার অবস্থান রয়েছে।
একটি পরীক্ষার সাইট খুঁজতে, nyc.gov/covidtest-এ শহরের পরীক্ষার সন্ধানকারী দেখুন। অনেক সাইট নিখরচায়, ওয়াক-আপ পরীক্ষার ব্যবস্থা প্রদান করে এবং অপেক্ষা করার সময় স্বল্প হয়। এর মধ্যে সমস্ত NYC হেলথ + হাসপাতাল (H+H) সাইটগুলি অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও, মানুষ অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তর (স্বাস্থ্য বিভাগ)-এর COVID-19 এক্সপ্রেস সাইটগুলিতে পরীক্ষা করতে পারবেন। অভিবাসন স্থিতি বা অর্থ প্রদানের ক্ষমতা নির্বিশেষে মানুষ স্বাস্থ্য বিভাগ এবং H+H পরীক্ষার সাইটগুলিতে পরীক্ষা করতে পারবেন (তবে যদি তাদের কাছে বীমা কার্ড এবং ID (পরিচয়পত্র) থাকে, তাহলে সেটি নিয়ে আসা উচিৎ)।

9 কর্মীরা কীভাবে তাদের পরীক্ষার ফলাফল পাবেন?

পরীক্ষার ফলাফল পরীক্ষা প্রদানকারী বা তার ল্যাব পরিষেবার দ্বারা কর্মচারীদের সাথে শেয়ার করা হবে।

পরীক্ষা করানোর জন্য অর্থ প্রদান করা

1 আমি কীভাবে আমার কোম্পানির স্বাস্থ্য পরিকল্পনাকে COVID-19 পরীক্ষার জন্য ক্ষতিপূরণ দেওয়ার জন্য রাজী করাতে পারি?

শহর নিয়োগকর্তাদের COVID-19 পরীক্ষার জন্য অর্থ প্রদানের ক্ষেত্রে তাদের বিমাকারীদের সাথে সরাসরি কাজ করতে উৎসাহিত করে। নিয়োগকর্তারা তাদের নিয়োগকর্তার দ্বারা স্পনসর করা পরিকল্পনাগুলি COVID-19 পরীক্ষার সুপারিশগুলির দিকে পরিচালিত করতে পারেন। যদি আপনার বিমাকারী কর্মীদের মধ্যে সংক্রমণ স্ক্রিন করার পরীক্ষা কভার না করে, তাহলে আপনার উচিৎ শহর জুড়ে নিখরচায় পরীক্ষার সুবিধা প্রদান করা শত শত সাইটগুলির একটিতে পরীক্ষা করার জন্য তাদের উৎসাহিত করা। nyc.gov/covidtest-এ শহরের পরীক্ষার সন্ধানকারী দেখুন।

2 আমার সংস্থার স্বাস্থ্য পরিকল্পনা পরীক্ষার খরচ বহন করবে না। শহর কি খরচের ক্ষতিপূরণের জন্য তহবিল প্রদান করবে?

বর্তমানে বিমার স্থিতি নির্বিশেষে, শহর সকল মানুষকে শত শত পরীক্ষার সাইটে নিখরচায় পরীক্ষার সুবিধা প্রদান করছে। এমনকি এই পরীক্ষার সুবিধা NYC-এর বাইরে বসবাস করা মানুষের জন্যও উপলব্ধ। স্ব-বিমাকৃত নিয়োগকর্তাদের এই পরীক্ষার সাইটগুলি বিল করতে পারে যদি তাদের কর্মীরা নিজের বিমা কার্ড এবং ID উপস্থাপন করেন, কিন্তু পরীক্ষার সাইটগুলি কোনও কোপে বা ডিডাক্টিবল প্রয়োগ করবে না এবং যাদের বিমা নেই এমন কাউকে ফিরিয়ে দেবে না। আপনার কাছাকাছি একটি পরীক্ষার সাইট খুঁজতে, nyc.gov/covidtest এ শহরের পরীক্ষার সন্ধানকারী দেখুন।

পরীক্ষার ধরনগুলি

1 কী ধরনের রোগনির্ণয়কারী পরীক্ষা উপলব্ধ?

একটি COVID-19 রোগনির্ণয়কারী পরীক্ষা, নাক বা গলায় একটি সোয়াব (দীর্ঘ কিউ-টিপের অনুরূপ) ঢুকিয়ে অথবা লালা (থুতু) সংগ্রহ করে করা হয়। কিছু পরীক্ষা স্বাস্থ্য সেবা প্রদানকারীর কার্যালয়ে করা যেতে পারে, যেগুলিকে অ্যান্টিজেন বা পয়েন্ট-অফ কেয়ার (point-of-care, POC) পরীক্ষা বলা হয়। POC পরীক্ষার জন্য একটি নিশ্চিতকরণের পরীক্ষার প্রয়োজন হতে পারে। COVID-19 পরীক্ষার ধরন এবং পরীক্ষার ফলাফলগুলির অর্থ সম্পর্কে তথ্যের জন্য, "COVID-19 Testing: Frequently Asked Questions" (COVID-19 পরীক্ষা: প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নসমূহ) দেখুন। উপলব্ধ পরীক্ষাগুলি সম্পর্কে তথ্যের জন্য, অনুগ্রহ করে COVID-19 পরীক্ষার বিকল্পগুলির অতিরিক্তভাবে সংযুক্ত অংশ দেখুন।

2 আমি যদি কর্মস্থলে অন-সাইট পরীক্ষা করানোর সুযোগ প্রদান করতে চাই তাহলে সিটি কি তা সমর্থন করবে? সে কি আমার ব্যয় বহন করতে সহায়তা করবে?

শহরে H+H অবস্থানে এবং স্বাস্থ্য বিভাগের ক্লিনিকগুলিতে, এবং তার সাথে মোবাইল সাইটগুলিতে সুবিধাজনক এবং নিখরচায় পরীক্ষার সাইট রয়েছে। আপনি nyc.gov/covidtest-এ কোনও অবস্থান অনুসন্ধান করতে পারেন। এমন পরিষেবা রয়েছে যা কর্মক্ষেত্রে কর্মচারীদের পরীক্ষা করবে। কিছু পরিষেবার তালিকার জন্য, অনুগ্রহ করে COVID-19 পরীক্ষার বিকল্পগুলির অতিরিক্তভাবে সংযুক্ত অংশ দেখুন। বর্তমানে এই পরিষেবাগুলির জন্য শহর আর্থিক সহায়তা প্রদান করছে না।

3 আমি কি কর্মচারীদের বাড়িতে পরীক্ষা করানোর সুবিধা প্রদান করতে পারি? শহর কি আমার ব্যয় বহন করতে সহায়তা করবে?

বর্তমানে, খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) দ্বারা অনুমোদিত এমন কোনও COVID-19 পরীক্ষা নেই যা বাড়িতে করা যেতে পারে। তবে, FDA দ্বারা অনুমোদিত নমুনা সংগ্রহের কিট রয়েছে, যার অর্থ নমুনা (সোয়াব বা লালা) বাড়িতে একজন ব্যক্তি দ্বারা সংগ্রহ করা হয় এবং প্রসেসিংয়ের জন্য একটি পরীক্ষাগারে পাঠানো হয়। এছাড়াও, কিটগুলি কেন্দ্রীয়ভাবে নিয়োগকর্তা দ্বারা বিতরণ করা যেতে পারে এবং নমুনাগুলি কর্মক্ষেত্রে বা বাড়িতে সংগৃহীত হতে পারে। বাড়িতে পরীক্ষার বিকল্পগুলি সম্পর্কে তথ্যের জন্য, অনুগ্রহ করে COVID-19 পরীক্ষার বিকল্পগুলির অতিরিক্তভাবে সংযুক্ত অংশ দেখুন। বর্তমানে শহর এই ধরনের পরীক্ষার জন্য আর্থিক সহায়তা প্রদান করছে না।

পরীক্ষার পরে কী ঘটে

1 একজন কর্মচারী যদি ইতিবাচক পরীক্ষার ফল লাভ করে, তাহলে কী হবে?

COVID-19 এর পরীক্ষায় যারা ইতিবাচক ফল লাভ করেন তাদের অন্যদের থেকে নিরাপদভাবে পৃথক হয়ে বাড়িতে থাকা উচিত। অপরিহার্য চিকিৎসাগত পরিচর্যার জন্য অথবা যদি এনে দেওয়ার কেউ না থাকে তাহলে মুদিখানার জিনিসপত্রের মতো মৌলিক চাহিদাগুলি কেনা ব্যতীত, তাদের বাড়ির বাইরে যাওয়া উচিত নয়। তাদের কর্মস্থলে যাওয়া উচিত নয়, কিন্তু তারা যথেষ্ট ভাল বোধ করলে বাড়ি থেকে কাজ করতে পারেন। নিম্নলিখিত সমস্ত কিছু না হওয়া পর্যন্ত তাদের অবশ্যই বাড়িতে থাকতে হবে:

- উপসর্গগুলি শুরু হওয়ার পরে কমপক্ষে 10 দিন কেটে গেছে।
- জ্বর-হ্রাসকারী ওষুধ ব্যবহার না করে গত 24 ঘন্টায় জ্বরমুক্ত রয়েছেন।
- সামগ্রিকভাবে তাদের অসুস্থতার উন্নতি হয়েছে।

যদি কোনও কর্মী ইতিবাচক পরীক্ষিত হন, তাহলে তাদের উপসর্গগুলি পর্যবেক্ষণ করতে, অন্যান্য কারা ঝুঁকির মুখোমুখি হতে পারেন এবং কার পরীক্ষা করার প্রয়োজন রয়েছে তা বুঝতে, এবং তাদের কাছে নিরাপদে অন্যদের থেকে পৃথক হওয়ার জন্য প্রয়োজনীয় পরিষেবা এবং সংস্থান রয়েছে তা নিশ্চিত করতে, "Test & Trace Corps" তাদের সাথে যোগাযোগ করবে।

2 যে সব কর্মচারীদের COVID-19 হয়েছিল তাদের কাজে ফেরার জন্য কি একটি নেতিবাচক পরীক্ষার ফলাফল প্রাপ্ত হওয়া প্রয়োজন?

না। কাজের জায়গায় ফিরে যেতে মানুষের একটি COVID-19 রোগনির্ণয়কারী পরীক্ষার নেতিবাচক ফলাফল থাকার প্রয়োজন হওয়া উচিত নয়। সংক্রামক সময়কাল শেষ হওয়ার পরেও দীর্ঘ সময় পর্যন্ত অনেক মানুষের পরীক্ষার ফলাফল ইতিবাচক হয়। একইভাবে, কাউকে কাজে ফেরার অনুমতি দেওয়ার জন্য অ্যান্টিবডি পরীক্ষা করা মানদণ্ড হিসাবে ব্যবহার করা উচিত নয়। বিচ্ছিন্নতার সময়কাল সম্পন্ন করা ব্যক্তিদের আর সংক্রামক হিসেবে বিবেচনা করা হয় না এবং তারা কাজে যোগ দিতে পারেন।

3 যদি কোনও কর্মী নিরাপদে বাড়িতে অন্যদের থেকে পৃথকভাবে না থাকতে পারেন, তাহলে কী হবে?

যে নিউ ইয়র্কবাসীরা COVID-19-এ আক্রান্ত বা এমন কারও সাথে বাস করেন যে আক্রান্ত, এবং বাড়িতে নিরাপদে পৃথকভাবে থাকতে পারবেন না, তারা কোনও হোটেলে বিনামূল্যে থাকার সুবিধা পেতে পারেন। NYC COVID-19 হোটেল প্রোগ্রাম সম্পর্কিত তথ্য nychealthandhospitals.org/test-and-trace/take-care-এ উপলব্ধ।

4 কর্মচারীদের জন্য কি আমাকে সতর্ক করা আবশ্যক যদি তারা ইতিবাচক ফল লাভ করেন? যদি কোনও কর্মী ইতিবাচক পরীক্ষিত হন, তাহলে কি আমার অন্য কর্মীদের অবহিত করা উচিৎ?

কোনও কর্মী যদি COVID-19-এর জন্য ইতিবাচক পরীক্ষিত হন, তাহলে তাদের নিয়োগকর্তাদের অবহিত করা উচিত, কারণ এটি কর্মক্ষেত্রকে নিরাপদ রাখতে সহায়তা করতে পারে। নিয়োগকর্তা হিসেবে, আপনি অন্য কর্মীদের বা গ্রাহকদের অবহিত করতে পারেন যে তারা সেই কর্মীর সাথে ঘনিষ্ঠ যোগাযোগে আসার কারণে সংক্রমণের সংস্পর্শে এসে থাকতে পারেন, কিন্তু যে কর্মী ইতিবাচক পরীক্ষিত হয়েছেন, তাদের নাম বা অন্য সনাক্তকারী তথ্য আপনি শেয়ার করতে পারবেন না। কারা ঘনিষ্ঠ যোগাযোগে এসে থাকতে পারেন, তা নির্ধারণ করতে স্বাস্থ্য বিভাগ আপনাকে সহায়তা করবে। যদি একজন কর্মী দূরবর্তীভাবে কাজ করে থাকেন এবং সহকর্মীদের সাথে স্বশরীরে যোগাযোগ না করে থাকেন, তাহলে আপনাকে ইতিবাচক পরীক্ষার ফলাফল সম্পর্কে অবহিত করার জন্য সেই কর্মীর কোনও বাধ্যবাধকতা নেই।

5 আমার কি কর্মচারীদের পরীক্ষার ফলাফলের একটি কপি প্রয়োজন? আমার কি পরীক্ষার ফলাফলের রেকর্ড রাখা উচিত?

উপরে উল্লিখিত হিসেবে, COVID-19 রোগ নিশ্চিত হওয়া মানুষদের কাজে ফেরার জন্য নেতিবাচক পরীক্ষার ফলাফলের প্রয়োজন হওয়া উচিৎ নয়। যাদের COVID-19-এর উপসর্গ দেখা দিয়েছে এবং ল্যাব-ভিত্তিক রোগনির্ণয়কারী পরীক্ষার মাধ্যমে নেতিবাচক পরীক্ষিত হয়েছেন, তারা যদি জ্বর-হ্রাসকারী ওষুধ ব্যবহার না করে গত 24 ঘন্টা জ্বরমুক্ত থাকেন তাহলে তারা কাজে ফিরতে পারেন। এমন পরিস্থিতিতে আপনি সেই কর্মীকে নেতিবাচক পরীক্ষার ফলাফলের প্রমাণ প্রদান করার জন্য অনুরোধ করতে পারেন। নিয়োগকর্তা দ্বারা বাধ্যতামূলক পরীক্ষার প্রয়োজনীয়তা মেনে চলা হয়েছে তা নিশ্চিত করতে আপনি পরীক্ষার ফলাফলের ডকুমেন্টেশনও প্রয়োজনীয় করতে পারেন।

পরীক্ষার ফলাফল এবং অন্যান্য চিকিৎসাগত তথ্য গোপনীয় এবং সেগুলি অবশ্যই কর্মীদের ফাইল থেকে পৃথকভাবে সংরক্ষণ করতে হবে। পর্যাপ্ত ফায়ারওয়াল এবং এনক্রিপশন উপস্থিত না থাকলে এ জাতীয় তথ্য বৈদ্যুতিনভাবে প্রেরণ করা উচিত নয়। আপনি যদি কর্মচারীদের পরীক্ষার ফলাফলের অনুলিপি রাখেন, তাহলে আপনাকে অবশ্যই কর্মচারীর চাকরির সময়কাল এবং তার পর 30 বছরের জন্য সেগুলি রাখতে হবে।[2]

6 আমি কি কর্মচারীদের অ্যান্টিবডি পরীক্ষা করা প্রয়োজনীয় করতে পারি?

না। ফেডারাল সমান কর্মসংস্থান সুযোগ কমিশন (Federal Equal Employment Opportunity Commission, EEOC) এর নির্দেশিকায় বলা হয়েছে যে কর্মক্ষেত্রে ফিরে আসার আগে নিয়োগকর্তারা কোনও কর্মচারীর অ্যান্টিবডি পরীক্ষা করা প্রয়োজনীয় করতে পারে না। কাজে ফেরার বিষয়ে কোনও সিদ্ধান্তের ক্ষেত্রে অ্যান্টিবডি পরীক্ষা ব্যবহার করা উচিত নয়।

7 যদি কোনও কর্মচারী COVID-19-এর জন্য ইতিবাচক পরীক্ষিত হয়ে থাকেন, আমার কি তা জানানোর প্রয়োজন আছে প্রয়োজন আছে? আমি কার কাছে এটা জানাবো?

নিউ ইয়র্ক স্টেটের অধীনে যদি কোনও কর্মচারী COVID-19-এর জন্য ইতিবাচক পরীক্ষিত হন, তাহলে নিয়োগকর্তাদের অবিলম্বে স্বাস্থ্য বিভাগকে অবহিত করা এবং যোগাযোগ সনাক্তকরণের প্রচেষ্টায় সহযোগিতা করা প্রয়োজনীয়। যে কোনও প্রশ্নের জন্য বা একটি নিশ্চিত সংক্রমণের প্রতিবেদন করতে, স্বাস্থ্য বিভাগকে 866-692-3641 নম্বরে কল করুন।[2]

[2] COVID-19 সংক্রমণ কখন কাজ-সম্পর্কিত হতে পারে তা নির্ধারণ করার জন্য OSHA নির্দিষ্ট নির্দেশিকা জারি করেছে, যা অতিরিক্ত প্রতিবেদনের বাধ্যবাধকতা সঞ্চার করে। OSHA-এর আদেশ অনুযায়ী নিয়োগকর্তাদের কাজের সাথে সম্পর্কিত অসুস্থতার রেকর্ড করা এবং প্রতিবেদন করার নির্দিষ্ট পদক্ষেপগুলি অনুসরণ করতে হবে, কাজ সম্পর্কিত আঘাতের বার্ষিক সংক্ষিপ্তসার জমা দেওয়ার মাধ্যমে এবং এই জাতীয় লগগুলি পাঁচ বছরের জন্য বজায় রাখতে হবে। কর্মস্থলে COVID-19 সংক্রমণের মতো কাজের সাথে সম্পর্কিত কোনও ঘটনার কারণে মৃত্যু বা তিন বা ততোধিক কর্মচারীর হাসপাতালে ভর্তির ঘটনা সম্পর্কে নিয়োগকর্তাদের রেকর্ড রাখতে হবে এবং OSHA-এর কাছে প্রতিবেদন করতে হবে। নিয়োগকর্তাদের টেলিফোনে বা ব্যক্তিগতভাবে ঘটনার নিকটতম OSHA অঞ্চল অফিসে এই ঘটনার প্রতিবেদন করতে হবে।

8 একজন কর্মচারীকে ইতিবাচক হিসেবে পরীক্ষা করার পরে কী হবে?

স্বাস্থ্য বিভাগ যাচাই করবে যে সেই ব্যক্তির সংক্রমণ নিশ্চিত কিনা। যদি সংক্রমণ নিশ্চিত হয়, তাহলে যারা COVID-19-এ আক্রান্ত সেই ব্যক্তির ঘনিষ্ঠ যোগাযোগে এসে থাকতে পারেন, এবং যাদের কোয়ারেন্টাইনের প্রয়োজন হবে, এমন অন্য কর্মচারীগণ এবং কর্মস্থলে থাকা অন্য ব্যক্তিদের সনাক্ত করার জন্য স্বাস্থ্য বিভাগ আপনার সাথে কাজ করবে। অতিরিক্ত তথ্যের জন্য, "Handling COVID-19 Cases in the Workplace: What Employers Need to Know" (কর্মক্ষেত্রে COVID-19 সংক্রমণ পরিচালনা করা: নিয়োগকর্তাদের কী জানা উচিত) দেখুন।

9 COVID-19 পজিটিভ টেস্ট হওয়া বা তার সাথে সামঞ্জস্যপূর্ণ উপসর্গ থাকা একজন কর্মচারী কি কাজ করা অব্যাহত রাখতে পারেন?

যদি কর্মচারী বাড়ি থেকে দূরবর্তীভাবে কাজ করতে পারেন এবং তা করতে যথেষ্ট সুস্থ অনুভব করেন, তাহলে তাদের ছুটি নেওয়ার দরকার নেই। তবে, যে কর্মচারী ইতিবাচক পরীক্ষিত হয়েছেন, তিনি কাজে যেতে পারবেন না। তাদের অবশ্যই বাড়িতে নিরাপদে বিচ্ছিন্নভাবে থাকতে হবে এবং সম্পূর্ণ বিচ্ছিন্নতার সময়কালের জন্য কাজে ফিরতে পারবেন না (ইতিবাচক পরীক্ষার 10 দিন পরে, গত 24 ঘন্টায় জ্বর-হ্রাসকারী ওষুধ ব্যবহার না করে জ্বরমুক্ত থাকা এবং সামগ্রিকভাবে অসুস্থতার উন্নতি)। যদি কোনও কর্মচারী ইতিবাচক পরীক্ষার ফলাফল পাওয়ার পরে এবং বিচ্ছিন্নতা শেষ করার আগে কর্মস্থলে প্রবেশ করার চেষ্টা করেন, তাহলে আপনাকে অবশ্যই তাদের বাড়িতে পাঠাতে হবে।

আইনি প্রশ্নসমূহ

1 কোন আইন আমাকে আমার কর্মচারীদের পর্যায়ক্রমিক পরীক্ষা উত্সাহিত বা প্রয়োজনীয় করার অনুমতি দেয়?

EEOC নির্দেশিকার অধীনে কর্মস্থলে থাকা কর্মচারীদের পর্যায়ক্রমিক পরীক্ষা করা অনুমোদিত। শিল্পক্ষেত্র অনুযায়ী পরীক্ষা করার নির্দেশিকার জন্য, অনুগ্রহ করে COVID-19 পরীক্ষার সুপারিশগুলি দেখুন।

2 যদি আমি একজন কর্মচারীকে পরীক্ষা করাতে উৎসাহ প্রদান করি এবং পরীক্ষা করার সময় তারা আহত হন?

পরীক্ষার সময় যদি কোনও কর্মচারী আহত হন, তাহলে আপনার তাদের একটি দাবিদার তথ্য প্যাকেট প্রদান করা উচিত, যাতে সেই আঘাতটি নিয়োগকর্তাদের শ্রমিকদের ক্ষতিপূরণ ক্যারিয়ারে পর্যালোচনার জন্য প্রতিবেদন করা যেতে পারে।

3 COVID-19-এর পরীক্ষা করার জন্য কি আমার কর্মচারীদের সবেতন অসুস্থতাজনিত ছুটি প্রদান করা প্রয়োজনীয়?

হ্যাঁ। শহর ও রাজ্যের আইন কর্মচারীদের COVID-19-এর পরীক্ষা করার জন্য সবেতন অসুস্থতাজনিত ছুটি ব্যবহার করার অনুমতি দেয়। একজন কর্মচারীর কতগুলি অসুস্থতাজনিত ছুটি থাকে তা আপনার কোম্পানির আকারের উপর নির্ভর করে।[4] আপনি যদি ফেডারেল ফ্যামিলি ফার্স্ট করোনাভাইরাস রেসপন্স অ্যাক্ট (Families First

[4] যে কোনও বছরে চার জন বা তার চেয়ে কম কর্মচারী সহিত ব্যবসাগুলিকে অবশ্যই প্রতি বছর 40 ঘন্টা সবেতন অসুস্থতাজনিত ছুটি প্রদান করতে হবে, যদি না আগের কর বছরে তাদের নেট আয় $1,000,000 বা তার চেয়ে কম হয়ে থাকে, সেই ক্ষেত্রে ছুটির সময় বেতনহীন হতে পারে। যে কোনও বছরে পাঁচ থেকে 99 জন কর্মচারী সহিত ব্যবসাগুলিকে অবশ্যই প্রতি বছর 40 ঘন্টা পর্যন্ত সবেতন অসুস্থতাজনিত ছুটি প্রদান করতে হবে। যে কোনও বছরে 100 বা ততোধিক কর্মচারীর সহিত ব্যবসাগুলিকে অবশ্যই প্রতি বছর 56 ঘন্টা পর্যন্ত সবেতন অসুস্থতাজনিত ছুটি প্রদান করতে হবে। অতিরিক্ত প্রয়োজনীয়তাগুলি এখানে পাওয়া যাবে nyc.gov/assets/dca/downloads/pdf/about/PaidSickLeave-AnswerstoEmployerQuestions.pdf।

Coronavirus Response Act, FFCRA)-এর আওতাভুক্ত একজন নিয়োগকর্তা হন, তাহলে অতিরিক্ত সবেতন ছুটির প্রয়োজন হতে পারে। যদি কোনও কর্মচারীর সবেতন অসুস্থতাজনিত ছুটি শেষ হয়ে গিয়ে থাকে এবং আপনি তাদের পরীক্ষা করা প্রয়োজনীয় করে থাকেন, পরীক্ষার জন্য ব্যয় করা সময়টি প্রযোজ্য মজুরি এবং ঘন্টা আইনের আওতায় কাজ করা ঘন্টা হিসেবে বিবেচনা করা যেতে পারে এবং আপনি এই সময়ের জন্য তাদের বেতন দিতে বাধ্য হতে পারেন।

4 আমি কি প্রমাণ চাইতে পারি সবেতন অসুস্থতার সময়ের জন্য পরীক্ষা করানোর জন্য অথবা যদি একজন কর্মচারীর COVID-19 এর উপসর্গ থাকে বা COVID-19 এর পরীক্ষায় ইতিবাচক ফল লাভ করেন?

শহরের আর্নড সেফ অ্যান্ড সিক টাইম অ্যাক্ট (Earned Safe and Sick Time Act)-এর অধীনে, একজন নিয়োগকর্তার কেবল তখনই স্বাস্থ্য সেবা প্রদানকারীর কাছ থেকে ডকুমেন্টেশনের প্রয়োজন হতে পারে যদি কর্মচারী পর পর তিন দিন অসুস্থতাজনিত ছুটির ব্যবহার করে থাকেন। যদি আপনার কোম্পানি FFCRA-এর সাপেক্ষে থাকে, তাহলে FFCRA অনুসারে সবেতন অসুস্থতাজনিত ছুটি ব্যবহার করার জন্য আপনি কর্মচারীর কোনও ইতিবাচক রোগনির্ণয়কারী ডকুমেন্টেশন প্রদান করা প্রয়োজনীয় করতে পারবেন না।

5 কর্মচারীরা যদি COVID-19 এর পরীক্ষায় পজিটিভ ফল লাভ করে তাহলে আমাকে কি সবেতন অসুস্থতার সময় প্রদান করতে হবে? কর্মস্থলে বা অন্য এক্সপোজারের কারণে যে কর্মচারীদের কোয়ারেন্টাইনের প্রয়োজন হয়, তাদের ক্ষেত্রে কী হবে?

কর্মচারীদেরকে অসুস্থ অবস্থায় বা COVID-19-এ আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ট যোগাযোগে থাকার ফলে কোয়ারেন্টাইন করা দরকার হলে বাড়িতে থাকতে উৎসাহিত করতে নিয়োগকর্তাদের নমনীয় অসুস্থতাজনিত ছুটির নীতিমালা প্রতিষ্ঠা করতে উত্সাহিত করা হয়। যদি কোনও কর্মচারী ইতিবাচক পরীক্ষিত হয়ে থাকেন এবং দূরবর্তীভাবে কাজ করতে সক্ষম না হন, তাহলে সেই কর্মচারী শহর এবং রাজ্যের আইনের অধীনে উপলব্ধ সবেতন অসুস্থতাজনিত ছুটি ব্যবহার করতে পারেন। যদি একজন কর্মচারীকে কর্মস্থলে বা অন্যান্য এক্সপোজারের কারণে বাড়িতে কোয়ারানটাইনে থাকতে হয় এবং তিনি কাজ করতে সক্ষম হন, তাহলে অসুস্থতাজনিত ছুটি ব্যবহার করার পরিবর্তে তাদের বাড়ি থেকে কাজ করতে বলা যেতে পারে। তবে, সাম্প্রতিক ভ্রমণের কারণে যে ব্যক্তিদের কোয়ারেন্টাইনে থাকতে হবে, আপনার তাদের জন্য অসুস্থতাজনিত ছুটি প্রদান করার প্রয়োজন নেই।

6 যদি একজন কর্মচারী নেতিবাচক ফল লাভ করেন কিন্তু তার যদি উপসর্গ থাকে, তাহলে কি আমাকে সবেতন অসুস্থতার সময় প্রদান করতে হবে তাকে?

যদি কোনও কর্মচারীর উপসর্গ থাকে এবং যদি নিয়োগকর্তা হিসেবে আপনার সবেতন অসুস্থতাজনিত ছুটি প্রদান করা প্রয়োজনীয় হয় (বেতনহীন অসুস্থতাজনিত ছুটির বিপরীতে), তাহলে রাজ্য এবং শহরের অসুস্থতাজনিত ছুটির আইনের অধীনে আপনাকে সেই সময়কালের জন্য সবেতন অসুস্থতাজনিত ছুটি প্রদান করতে হবে যখন কর্মচারী অসুস্থ বোধ করেন এবং কাজ করতে অক্ষম, যতদিন না কর্মচারী তাদের জন্য উপলব্ধ অসুস্থতাজনিত ছুটির সমস্ত ব্যবহার করেন। আপনি যদি একজন ছোট নিয়োগকর্তা হন যে রাজ্য এবং শহরের অসুস্থতাজনিত ছুটির আইনে প্রদত্ত অসুস্থতাজনিত ছুটির প্রয়োজনীয়তা থেকে অব্যাহতিপ্রাপ্ত, তাহলে আপনাকে অবশ্যই আইনের অধীনে তাদের জন্য বেতনহীন সময় প্রদান করতে হবে।

7 আমি কি ভিন্ন কর্মচারীদের জন্য ভিন্ন পরীক্ষা, ডকুমেন্টেশন এবং ছুটির প্রয়োজনীয়তা স্থির করতে পারি?

বয়স, বর্ণ বা জাতি, জাতীয় উৎস, অক্ষমতা, স্বাস্থ্যের স্থিতি, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, যৌন অভিমুখ, ধর্ম বা অন্যান্য সুরক্ষিত শ্রেণীগুলির উপর ভিত্তি করে পরীক্ষা, ডকুমেন্টেশন এবং ছুটির নীতিগুলি বৈষম্যমূলক হতে পারে না।

অতিরিক্তভাবে সংযুক্ত অংশ: COVID-19 পরীক্ষা করার বিকল্পগুলি

এই COVID-19 পরীক্ষার উপলব্ধ বিকল্পগুলির তালিকাটি নিয়োগকর্তারা তাদের কর্মচারীদের পরীক্ষার জন্য সমর্থন করতে ব্যবহার করতে পারে। এই তালিকাটিতে উপলব্ধ সমস্ত পরীক্ষার বিকল্পগুলির সম্পূর্ণ নয় এবং সময়ের সাথে সাথে এটি পরিবর্তিত হতে পারে। নীচে দেওয়া সমস্ত COVID-19 পরীক্ষার বিকল্পগুলি NYC-এ উপলব্ধ।

A. শহরব্যাপী পরীক্ষার সাইটসমূহ

- মোবাইল টেস্টিং সাইটগুলি সহ, শহর জুড়ে শত শত পরীক্ষার অবস্থান রয়েছে।
- আপনার কাছাকাছি একটি পরীক্ষার কেন্দ্র খুঁজতে, NYC-এর পরীক্ষার সাইট সন্ধানকারী nyc.gov/covidtest ব্যবহার করুন।
- হাসপাতাল, স্বাস্থ্য কেন্দ্র এবং পাঁচটি বোরো জুড়ে নতুন পপ-আপ অবস্থানগুলিতে H+H বিনামূল্যে পরীক্ষার সুবিধা প্রদান করে।
- স্বাস্থ্য বিভাগ অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে, শহর জুড়ে নয়টি ক্লিনিকে বিনামূল্যে পরীক্ষার সুবিধা প্রদান করে।
- কর্মচারীদের যদি বিমা কার্ড এবং আইডি থাকে, তাহলে তাদের সেটি নিয়ে আসা উচিত।

B. একক ব্যক্তির জন্য বাড়িতে পরীক্ষা করার কিট

- এই কোম্পানিগুলি FDA-অনুমোদিত বাড়িতে পরীক্ষা করার কিটগুলি প্রদান করে, যা অনলাইন অর্ডার করা যেতে পারে।
- কিছু কোম্পানির ক্ষেত্রে ব্যক্তিদের একটি অনলাইন প্রশ্নাবলী বা পরামর্শ সম্পূর্ণ করার প্রয়োজন হয়।
- সমাপ্তির পরে, কীভাবে একটি নমুনা সংগ্রহ করবেন সে সম্পর্কে নির্দেশাবলী সহ পরীক্ষাটি পাঠানো হবে।
- কোম্পানির একজন প্রদানকারী একটি অনলাইন পোর্টাল/অ্যাপ্লিকেশন, ইমেল বা ফোনের মাধ্যমে পরবর্তী পদক্ষেপগুলি সম্পর্কিত তথ্য এবং পরীক্ষার ফলাফল প্রদান করবেন।
- আপ-টু-ডেট মূল্য এবং পরীক্ষা করার তথ্যের জন্য অনুরোধ জানাতে, অনুগ্রহ করে সরাসরি কোম্পানির সাথে যোগাযোগ করুন।

	ছবির জেনেটিক্স	পিক্সেল	আসুন আমরা পরীক্ষা করাই	P23	ফসফরাস ডায়াগ্নস্টিক	ভল্ট হেলথ	ভিটাজিন	হিমস অ্যান্ড হারস
মূল্য	119 মার্কিন ডলার	119 মার্কিন ডলার	119 মার্কিন ডলার	129 মার্কিন ডলার প্লাস শিপিং	140 মার্কিন ডলার প্লাস শিপিং	150 মার্কিন ডলার	129 মার্কিন ডলার	150 মার্কিন ডলার, টেলিহেলথ সাক্ষাৎ সহ
বীমা গৃহীত	হ্যাঁ*	হ্যাঁ	হ্যাঁ*	হ্যাঁ*	হ্যাঁ*	হ্যাঁ*	হ্যাঁ*	হ্যাঁ*
পরীক্ষার পদ্ধতি	ন্যাসাল সোয়াব	ন্যাসাল সোয়াব	ন্যাসাল সোয়াব	থুতুর পরীক্ষা	থুতুর পরীক্ষা	থুতুর পরীক্ষা (জুম কল দ্বারা তদারক করা)	থুতুর পরীক্ষা	থুতুর পরীক্ষা
ফলাফল প্রাপ্তির সময় (ল্যাব থেকে পাওয়ার পর)	48 ঘন্টার মধ্যে	24-48 ঘন্টা	24-72 ঘন্টা	24-48 ঘন্টা	72 ঘন্টার মধ্যে	48-72 ঘন্টা	72 ঘন্টার মধ্যে	পাঠানোর 3 থেকে 5 দিন পরে
অনলাইন প্রশ্নাবলী/ পরামর্শ প্রয়োজন	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
পরীক্ষা করানোর সীমাবদ্ধতা	না	স্ক্রিনিং নির্ণায়ক অবশ্যই পূরণ করতে হবে	স্ক্রিনিং নির্ণায়ক অবশ্যই পূরণ করতে হবে	স্ক্রিনিং নির্ণায়ক অবশ্যই পূরণ করতে হবে	না	না	স্ক্রিনিং নির্ণায়ক অবশ্যই পূরণ করতে হবে	অবশ্যই উপসর্গ থাকতে হবে

*ব্যক্তিবর্গকে নিজে অর্থ প্রদান করতে হবে এবং তাদের বীমা সংস্থাকে একটি আইটেমাইজ করা রসিদ জমা দিতে হবে পরিশোধিত হওয়ার জন্য। ফ্লেক্সিবল স্পেন্ডিং অ্যাকাউন্ট (Flexible spending account, FSA) এবং হেলথ সেভিংস অ্যাকাউন্ট (health savings account, HSA) কার্ড গ্রহণ করা হয়।

C. প্রতিষ্ঠান/এন্টারপ্রাইজের পরীক্ষার বিকল্পগুলি

- এই কোম্পানিগুলি নিয়োগকর্তা এবং ব্যবসাগুলির জন্য মাপযোগ্য পরীক্ষার সমাধান প্রদান করে যাতে স্বাস্থ্যসেবা প্রদানকারীর মাধ্যমে পরিচালিত পরীক্ষা বা নিজ-প্রশাসিত পরীক্ষাগুলি ব্যবহার করে বাড়িতে COVID-19-এর নমুনা সংগ্রহ করা বা সাইটে পরীক্ষা করার সুবধা প্রদান করা যায়।
- এছাড়াও, এতে বাড়িতে পরীক্ষা করার কিটগুলির জন্য আগাম অর্থ প্রদান করার বা বেশি পরিমাণে তা ক্রয়ের বিকল্পগুলি অন্তর্ভুক্ত।
- পরীক্ষার ফলাফলগুলি অনলাইন পোর্টালের মাধ্যমে পরিচালনা ও বিতরণ করা হয়, এবং টেলিহেলথ সাক্ষাৎ ব্যবহার করে স্বাস্থ্য সেবা প্রদানকারীদের সাথে ফলোআপগুলি করা যেতে পারে।
- আপ-টু-ডেট মূল্য এবং পরীক্ষা করার তথ্যের জন্য অনুরোধ জানাতে, অনুগ্রহ করে সরাসরি কোম্পানির সাথে যোগাযোগ করুন।

	ফুলজেন্ট থেরাপেওটিক্স	লেটস গেট চেকড	1Health.io	ফসফরাস	ভল্ট হেলথ
যে পরীক্ষা করার পরিষেবা প্রদান করা হয়	বাড়িতে (নিজে-প্রদান করা) অন-সাইট (চিকিৎসক দ্বারা প্রদান করা)	বাড়িতে (নিজে-প্রদান করা)	বাড়িতে (নিজে-প্রদান করা) অন-সাইট (নিজে-প্রদান করা)	বাড়িতে (নিজে-প্রদান করা) যোগাযোগ (অন্যান্য পরীক্ষার বিকল্পের জন্য)	বাড়িতে (তদারক করা, জুম কলের মাধ্যমে) অন-সাইট (চিকিৎসক দ্বারা প্রদান করা)
পাঠানোর সময় (বাড়িতে করা পরীক্ষার জন্য)/ স্থাপন করার সময় (অন-সাইট পরীক্ষার জন্য)	বাড়িতে - 2 কর্ম দিবস অন-সাইট - এক সপ্তাহ	বাড়িতে - 24 ঘন্টার মধ্যে	যোগাযোগের সংস্থা	যোগাযোগের সংস্থা	যোগাযোগের সংস্থা
পরীক্ষার পদ্ধতি	ন্যাসাল সোয়াব	ন্যাসাল সোয়াব	থুতুর পরীক্ষা	থুতুর পরীক্ষা	থুতুর পরীক্ষা
ফলাফল প্রাপ্তির সময় (ল্যাব থেকে পাওয়ার পর)	24-48 ঘন্টা	24-72 ঘন্টা	72 ঘন্টার মধ্যে	72 ঘন্টার মধ্যে	48-72 ঘন্টা
বেশি পরিমাণে টেস্ট কিট কেনার জন্য উপলভ্যতা	যোগাযোগের সংস্থা	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
বীমা গৃহীত	হ্যাঁ	যোগাযোগের সংস্থা	যোগাযোগের সংস্থা	হ্যাঁ	হ্যাঁ

D. ফার্মাসি অংশীদার

- CVS Health কাস্টমাইজযোগ্য COVID-19 পরীক্ষার সমাধান প্রদান করছে
  - রেপিড ওয়ার্কসাইট পরীক্ষা এবং ড্রাইভ-থ্রু পরীক্ষা উভয় রয়েছে
  - সাইটে ফার্মাসি-ভিত্তিক টিকাদান পরিষেবাদি, উপসর্গ পর্যবেক্ষণ এবং যোগাযোগ সনাক্তকরণের সহায়তাও উপলব্ধ
  - আরও তথ্যের জন্য, "Return Ready" দেখুন
- Walgreens Pharmacy কাস্টমাইজযোগ্য COVID-19 পরীক্ষার সমাধানগুলি বিকাশের প্রক্রিয়াধীন
  - Walgreens-এর অবস্থান এবং ড্রাইভ-থ্রু পরিষেবাগুলিতে রেপিড পরীক্ষা করা হয়
  - সাইটে ফার্মাসি-ভিত্তিক টিকা পরিষেবাও উপলব্ধ
  - আরো তথ্যের জন্য দেখুন walgreens.com/testandprotect